গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

আগস্ট, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব দিলীপ কুমার সাহা
মহাপরিচালক
সভার তারিখ ও সময় : ৩১ আগস্ট, ২০২০; বেলাঃ ২.০০ ঘটিকা।
সভার স্থান : Zoom App এর মাধ্যমে ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বস্ত্র অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা করোনা আক্রান্ত তাদের স্বাস্থ্য পরিস্থিতি ও চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে খোঁজখবর নেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক(জরিপ ও পরিসংখ্যান) সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:-

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	সভায় সভাপতি সকলের নিকট জানতে চান, বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কিনা? বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব নাই বলে সভায় উপস্থিত সকলে জানান।	কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। এরপর সভাপতি, উপ-পরিচালক(জরিপ ও পরিসংখ্যান) কে আগস্ট, ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপন করার জন্য নির্দেশ প্রদান করেন।	-
২।	শূণ্য পদ পূরণ সংক্রান্ত	(ক) সভাপতি বস্ত্র অধিদপ্তরের শূণ্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে হালনাগাদ অগ্রগতি বিষয়ে উপ-পরিচালক(প্রশাসন) কে উপস্থাপন করতে বলেন। উপ-পরিচালক(প্রশাসন) শূণ্য পদ পূরণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত অগ্রগতি উপস্থাপন করেন :		
		২.১। ৩য় ও ৪র্থ শ্রেণীর ১০৩টি পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে তবে এখনো ছাড়পত্র পাওয়া যায়নি। এ বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত পদ সৃষ্টির জিও সমূহের কপি চেয়ে পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	২.১.১। ৩য় ও ৪র্থ শ্রেণীর ১০৩টি পদে নিয়োগের জন্য ছাড়পত্র প্রদানের বিষয়ে অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত জিও সমূহের কপি চেয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।
		২.২। বস্ত্র অধিদপ্তরের ১ম থেকে ১০ম গ্রেডের শূন্য পদসমূহে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	২.২.১। বস্ত্র অধিদপ্তরের ১ম থেকে ১০ম গ্রেডের শূন্য পদে নিয়োগের প্রস্তাব পিএসসিতে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		২.৩। বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে ৩৯টি পদে নিয়োগের বিষয়ে স্থগিত আদেশ প্রদান করা হয়। উক্ত স্থগিত আদেশ প্রত্যাহার করার বিষয়ে হালনাগাদ তথ্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে সংগ্রহের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	২.৩.১। বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে ৩৯ টি পদে নিয়োগের স্থগিতাদেশ সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।
		খ) <u>**চলমান প্রকল্প সমূহের জন্য রাজস্ব খাতে পদ সৃজন :**</u> সহকারী পরিচালক(প্রশাসন) সভায় পদ সৃজনের হালনাগাদ অবস্থা সম্পর্কে নিম্নরূপে উপস্থাপন করেন : ২.৪। শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ এর উপ-সহকারী প্রকৌশলী ও সহকারী হিসাবরক্ষক এর ২টি পদ সচিব কমিটির অনুমোদনের জন্য ৩২টি সেট বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২.৫। শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট, গৌরনদী, বরিশাল এর জন্য ৩টি পদ ইন্সট্রাক্টর(কম্পিউটার) ১টি ও জুনিয়র ইন্সট্রাক্টর(কলা) ২টি মোট ৩টি পদ সচিব কমিটির অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২.৬। শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ এর জন্য ৭৪টি পদ সচিব কমিটির অনুমোদন হয়েছে। এর মধ্যে ৬টি পদ মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতির জন্য অপেক্ষমান। ২.৭। শেখ রাসেল টেক্সটাইল ইনস্টিটিউট, মাদারগঞ্জ, জামালপুর এর জন্য ৩৪টি পদ সচিব মহোদয়ের স্বাক্ষরিত সার-সংক্ষেপটি সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব কমিটিতে প্রেরণের লক্ষ্যে ৩২ সেট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২.৮। শহীদ কামরুজ্জামান টেক্সটাইল ইনস্টিটিউট, মান্দা, নওগাঁ এর জন্য ৩৪টি পদ সচিব মহোদয়ের স্বাক্ষরিত সার-সংক্ষেপটি	খ) চলমান প্রকল্পসমূহের পদ সৃজনের প্রক্রিয়া/পদ সৃজনের সর্বশেষ অগ্রগতি ছক আকারে প্রস্তুত করতে হবে এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব কমিটিতে প্রেরণের লক্ষ্যে ৩২ সেট বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২.৯। ভোলা টেক্সটাইল ইনস্টিটিউট, ভোলা এর ৩৪টি পদের জন্য সচিব স্বাক্ষরিত সার-সংক্ষেপটি সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব কমিটিতে প্রেরণের লক্ষ্যে ৩২ সেট বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২.১০। শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর এর জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৭/০৯/২০২০ তারিখের ২৪.০০.০০০০.১১৫.১৫.০২৭.২০-২২৪নং স্মারকমূলে শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর এর জন্য ২১১টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।		
		২.১১। শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট, লালমনিরহাট টেক্সটাইল ইনস্টিটিউট, লালমনিরহাট, সিলেট টেক্সটাইল ইনস্টিটিউট, সিলেট, ফরিদপুর টেক্সটাইল ইনস্টিটিউট, ফরিদপুর, সুনামগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট, সুনামগঞ্জ এবং শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবচর, মাদারীপুর এর জন্য শীঘ্রই পদ সৃষ্টির প্রস্তাব বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	২.১১.১। বর্ণিত প্রকল্পসমূহের জন্য রাজস্বখাতে পদ সৃষ্টির প্রস্তাব দ্রুত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।
		২.১২। বিদ্যমান ৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় (১) গফরগাঁও, ময়মনসিংহ, (২)টি পত্নীতলা, নওগাঁ, (৩) উল্লাপাড়া, সিরাজগঞ্জ, (৪) কবিরহাট, নোয়াখালী, (৫) জামাল্পুর, (৬) মোহনগঞ্জ, নেত্রকোনা ও (৭) মুন্সিগঞ্জ মোট ৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের জন্য রাজস্বখাতে ১৮৯টি পদ সৃজনের প্রস্তাব প্রস্তুত করা হচ্ছে।	২.১২.১। দ্রুত প্রস্তাব তৈরি পূর্বক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩।	পেনশন/গ্রাচুইটি সংক্রান্ত	৩.১। বস্ত্র অধিদপ্তরের কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের পেনশন/ আনুতোষিক যথাসময়ে নিষ্পত্তি করা হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল পেনশন কাজ দ্রুত নিষ্পত্তিকরণের বিষয়টি আলোচনা করা হয়। বস্ত্র অধিদপ্তরের কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের পেনশন/ আনুতোষিক যথাসময়ে নিষ্পত্তি করা হয়। কর্মকর্তা/কর্মচারীদের পেনশন/ আনুতোষিক যথাসময়ে প্রাপ্তির জন্য আবেদন ও আনুষাঙ্গিক তথ্যাদি প্রেরণের জন্য আগামী ০৬(ছয়) মাসের মধ্যে যারা পেনশনে যাবেন তাদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	৩.১.১। নির্ধারিত সময়ের পূর্বে পেনশন/গ্রাচুইটি সংক্রান্ত কাজগুলো নিষ্পত্তি করতে হবে।	কল্যাণ কর্মকর্তা, বস্ত্র অধিদপ্তর।
৪।	অফিসের নিরাপত্তা মাদক ও জঙ্গিবিরোধী কার্যক্রম সংক্রান্ত	৪.১। সভাপতি বলেন, করোনকালীন সময়ের জন্য অফিসের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করতে হবে। কারো বিরুদ্ধে কোন প্রকার দুর্নীতির তথ্য পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণ করা হবে। বিনা অনুমতিতে কোন দর্শণার্থী অফিসের ভিতরে প্রবেশ করবে না। ফ্রন্ট ডেস্কে ইন্টারকম এর ব্যবস্থা রাখতে হবে। অফিসের মধ্যে কেউ ধুমপান করতে পারবে না। বস্ত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের করোনকালীন অফিসে প্রবেশের সময়ে হ্যান্ড সেনিটাইজার ও শরীরের তাপমাত্রা পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কোন ব্যক্তির বিরুদ্ধে দুর্নীতির তথ্য পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।	৪.১.১। বিনা অনুমতিতে কোন দর্শণার্থীকে অফিসের ভিতরে প্রবেশ না করার ব্যবস্থা এবং ফ্রন্ট ডেস্কে ইন্টারকম এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও সভাপতি বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়কে ধুমপানমুক্ত ঘোষণা করেন।	সদস্য সচিব, নিরাপত্তা কমিটি, বস্ত্র অধিদপ্তর।
৫।	ই-ফাইলিং সংক্রান্ত	৫.১। ই-ফাইলিং এ বস্ত্র অধিদপ্তর জুলাই, ২০২০ মাসে ৩য় অবস্থানে ছিল। ইতোপূর্বে বস্ত্র অধিদপ্তর ১ম স্থানে ছিল। মহাপরিচালক মহোদয় পরীক্ষা করে দেখেছেন যে ই-নথি হতে প্রাপ্ত ডাক থেকে নথি উপস্থাপন ও নিষ্পত্তির সংখ্যা খুব কম, যে কারণে বস্ত্র অধিদপ্তরের অবস্থান পিছিয়ে যাচ্ছে। এ অবস্থা থেকে পূর্বের ন্যয় ১ম স্থান অর্জনের জন্য ই-নথিতে প্রাপ্ত ডাক থেকে নথি উপস্থাপন ও নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়াও সভাপতি, সহকারী পরিচালক(প্রশাসন), জনাব আরাফাত হোসেনকে ই-নথি পেন্ডিং লিস্ট করে পাক্ষিক ভিত্তিতে উপ-পরিচালকগণকে অবহিতকরণ করার নির্দেশ প্রদান করেন।	৫.১.১। পূর্বের ন্যয় ১ম স্থান অর্জনের জন্য ই-নথিতে প্রাপ্ত ডাক থেকে নথি উপস্থাপন ও নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে। ৫.১.২। অধীনস্থদের পেন্ডিং ই-নথির হিসাব শাখা প্রধানগণ(উপ-পরিচালকগণ) মনিটরিং করবেন । ৫.১.৩। ই-নথিতে সকলে নিয়মিত কাজ করাবেন ও পেন্ডিং নথি/ডাক থাকলে দ্রুত নিষ্পত্তি করবেন। ৫.১.৪। ই-নথির পেন্ডিং লিস্ট করে পাক্ষিক ভিত্তিতে উপ-পরিচালকগণকে সহকারী পরিচালক(প্রশাসন) অবহিত করবেন।	পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপ-পরিচালকগণ, প্রধান কার্যালয়। জনাব আরাফাত হোসেন সহকারী পরিচালক(প্রশাসন)

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬।	ওয়েবসাইট আপডেট সংক্রান্ত	৬.১। ওয়েবসাইটে অধিদপ্তরের তথ্যাদি নিয়মিত আপডেট করার জন্য বস্ত্র অধিদপ্তরে একটি আইসিটি কমিটি গঠন করা হয়। ওয়েবসাইটে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানের নাম ও যোগাযোগের নম্বর হালনাগাদ করার জন্য নির্দেশ দেওয়া হয়। এছাড়াও সেবাবক্স আপডেট করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দাবী থাকবেন বলে সভাপতি মতামত প্রকাশ করেন।	৬.১.১। বস্ত্র অধিদপ্তরের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের নাম ও যোগাযোগের নম্বর হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করবেন। ৬.১.২। উপ-পরিচালকগণ ওয়েবসাইটের নিজ নিজ সেবা বক্স আপডেট করার জন্য নিজে দায়ী থাকবেন।	আইসিটি কমিটি, উপ-পরিচালক (সকল) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৭।	মামলা সংক্রান্ত	৭.১। উপ-পরিচালক(প্রশাসন) বলেন, বস্ত্র অধিদপ্তরের অধীন ১০ টি মামলা প্রক্রিয়াধীন রয়েছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।	৭.১.১। বস্ত্র অধিদপ্তরের ১০ টি মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর।
৮।	বস্ত্র শিক্ষা সংক্রান্ত	৮.১। বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের অনলাইনে ক্লাস যথাযথভাবে হচ্ছে কিনা এবং ছাত্রছাত্রীর উপস্থিতি কত শতাংশ এ বিষয়ে মহাপরিচালক মহোদয় জানতে চান। সংশ্লিষ্ট সহকারী পরিচালক এ সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। ৮.২। বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত টেক্সটাইল ইনস্টিটিউট সমূহের অনলাইনে ক্লাস যথাযথভাবে হচ্ছে কিনা এবং ছাত্রছাত্রীর উপস্থিতি কত শতাংশ এ বিষয়ে মহাপরিচালক মহোদয় জানতে চান। সংশ্লিষ্ট সহকারী পরিচালক এ সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। ৮.৩। ২০২০-২১ শিক্ষাবর্ষের ডিপ্লোমা ভর্তি সংক্রান্ত সর্বশেষ তথ্য মহাপরিচালক মহোদয় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। ৮.৪। টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট সিলেবাস যুগোপযোগীকরণের বিষয়ে এ পর্যন্ত ১২(বার)টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হতে মতামত পাওয়া গিয়েছে। সকল মতামত প্রাপ্তির পর একত্রিত করে সেপ্টেম্বর মাসের মধ্যে উপস্থাপন করতে হবে।	৮.১। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের অনলাইনে ক্লাস গ্রহণ সংক্রান্ত তথ্য নিয়মিত মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। ৮.২+৮.৩। ডিপ্লোমা ইনস্টিটিউট সমূহের অনলাইনে ক্লাস ও ভর্তি সংক্রান্ত তথ্য মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। ৮.৪। টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের সকল মতামত সমন্বয় করে সিলেবাস যুগোপযোগী করার জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন, সেপ্টেম্বর মাসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক/সহকারী পরিচালক, শিক্ষা শাখা, বস্ত্র অধিদপ্তর। উপ-পরিচালক/সহকারী পরিচালক, শিক্ষা শাখা, বস্ত্র অধিদপ্তর। উপ-পরিচালক/সহকারী পরিচালক, শিক্ষা শাখা, বস্ত্র অধিদপ্তর।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৯।	প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত:	সভাপতি, উপ-পরিচালক(উন্নয়ন) এর কাছে বস্ত্র অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপ-পরিচালক(উন্নয়ন) সভাকে জানান যে, ৯.১। বস্ত্র অধিদপ্তরে ১৫ টি প্রকল্পের পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। ৯.২। দুটি নিম্ন ক্যাটাগরি প্রকল্পের (শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবচর, মাদারীপুর স্থাপন প্রকল্প ও বিদ্যমান ৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন) অগ্রাধিকার পুন:নির্ধারণ এবং অর্থ অবমুক্তকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ৯.৩ বস্ত্র অধিদপ্তরে চলমান ১৫ টি প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা দাখিলের জন্য প্রকল্প পরিচালকদের অনুরোধ করা হয়েছে।	৯.১.১। বস্ত্র অধিদপ্তরে ১৫ টি প্রকল্পের পিআইসি সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৯.২.১। বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে দুটি নিম্ন ক্যাটাগরি প্রকল্পের (শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবচর, মাদারীপুর স্থাপন ও বিদ্যমান ৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট উন্নয়ন ও নতুন ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন) অগ্রাধিকার পুন:নির্ধারণ এবং অর্থ অবমুক্তকরণ পত্র প্রাপ্তির পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৯.৩.১। বস্ত্র অধিদপ্তরে চলমান ১৫ টি প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালকগণ এবং উপ-পরিচালক(উন্নয়ন), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
১০।	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	১০.১। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সভাপতি অর্থ শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন। বস্ত্র অধিদপ্তর এবং এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠান/কার্যালয়সমূহে মোট অডিট আপত্তির সংখ্যা ৪৭টি । ৪৭টি অডিট আপত্তির মধ্যে সাধারণ ২৮টি, অগ্রিম ১৯টি এবং জড়িত টাকার পরিমাণ ৪৮৩৪,৩৫ (আটচল্লিশ কোটি চৌত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র)। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য জরুরী সভা আয়োজন করতে হবে।	১০.১.১। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (অর্থ) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
১১।	পোষক কর্তৃপক্ষের কাজের অগ্রগতি সংক্রান্ত	১১.১। পোষক সংক্রান্ত কার্যক্রমের মধ্যে পোষক কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত ২৫৯টি আবেদনের মধ্যে ২৪৬টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। পোষকের কাজের কোন পেন্ডিং বা সমস্যা আছে কিনা সভাপতি সে বিষয়ে জানতে চান। তিনি পোষক সংক্রান্ত কার্যক্রমের তথ্যাদি নিয়মিত সমন্বয় সভায় পেশ করার নির্দেশ দেন। কারো বিরুদ্ধে অবৈধ লেনদেনের কোন তথ্য পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান।	১১.১.১। পোষক কর্তৃপক্ষের নিকট প্রতি মাসের আবেদন প্রাপ্তি ও নিষ্পত্তির হিসাব মাসিক সমন্বয় সভায় পেশ করতে হবে।	পোষক সংশ্লিষ্ট উপ-পরিচালকগণ।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১২।	অফিস ভাড়া/বিদ্যুৎ বিল/টেলিফোন বিল পরিশোধ সংক্রান্ত	১২.১। সভাকে জানানো হয় যে, বস্ত্র অধিদপ্তর কর্তৃক অফিস ভাড়া/বিদ্যুৎ বিল/টেলিফোন বিল নিয়মিত পরিশোধ করা হচ্ছে। বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ রেখে বিদ্যুৎ/পৌরকর/ভূমি উন্নয়ন করে এবং টেলিফোন বিল পরিশোধ করা হচ্ছে। আগামীতে বিলসমূহ নিয়মিত পরিশোধ করতে হবে।	১২.১.১। বস্ত্র অধিদপ্তরের অফিস ভাড়া/বিদ্যুৎ বিল/টেলিফোন বিল বকেয়া না রেখে নিয়মিত পরিশোধ করতে হবে।	উপ-পরিচালক(অর্থ) বস্ত্র অধিদপ্তর।
১৩।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	১৩.১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতি সম্পর্কে এপিএ ফোকাল পয়েন্ট জানান, নির্ধারিত সময়ের মধ্যে এপিএ'র ৪র্থ কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে দাখিল করা হয়েছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে এপিএ চুক্তি মোতাবেক বস্ত্র অধিদপ্তর ৮৩.৯৩ স্কোর অর্জন করেছে। সভায় সভাপতি ২০২০-২১ অর্থবছরের জন্য সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি সম্পর্কে জানতে চান। এপিএ কমিটির সদস্য সচিব জানান, এপিএ চুক্তি অনুযায়ী সকল শাখাকে স্ব স্ব কর্মসম্পাদন সূচকের কর্মপরিকল্পনা প্রণয়ন করে এপিএ কমিটির নিকট প্রেরণ করার জন্য মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র দেয়া হয়েছে। পোষক সংশ্লিষ্ট শাখা অদ্যাবধি কর্ম-পরিকল্পনা দাখিল করেননি।	১৩.১.১। ২০২০-২১ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক অনুযায়ী পূর্ণমান অর্জন করার জন্য সভাপতি এপিএ কমিটির প্রত্যেক সদস্যকে এবং সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব সময়ানুযায়ী পালন করতে হবে। ১৩.১.২। ২০২০-২১ অর্থবছরের এপিএ চুক্তি অনুযায়ী স্ব স্ব কর্মসম্পাদন সূচকের কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/ শাখা প্রধান এপিএ কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন।	সদস্য সচিব, এপিএ কমিটি।
১৪।	জাতীয় শুদ্ধাচার কৌশল, বাস্তবায়ন	১৪.১। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, সদস্য সচিব, নৈতিকতা কমিটি জানান, বস্ত্র অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ বাস্তবায়নের নিমিত্ত বাস্তবায়নকারী সংশ্লিষ্ট শাখাতে প্রেরণ করা হয়েছে। ১৪.২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রমের ১৩.৩ মোতাবেক বস্ত্র অধিদপ্তর এবং অধিদপ্তরের অধিনস্থ প্রতিষ্ঠানসমূহের এনআইএস ফোকাল পয়েন্টদের নিয়ে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ উপর দিনব্যাপি কর্মশালা আয়োজন করা প্রয়োজন বলে সদস্য সচিব নৈতিকতা কমিটি সভাকে জানান।	১৪.১.১। সভাপতি, ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশ দেন এবং সংশ্লিষ্ট প্রমাণকসমূহ ফোকাল পয়েন্ট এর নিকট প্রেরণ করবেন। ১৪.২.১। সভায় বস্ত্র অধিদপ্তর এবং অধিদপ্তরের অধিনস্থ প্রতিষ্ঠানদের নিয়ে আগামী ২০/০৮/২০২০ তারিখের মধ্যে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর উপর দিনব্যাপি কর্মশালা আয়োজন করতে হবে।	সদস্য সচিব, নৈতিকতা কমিটি।
১৫।	ইনোভেশন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত	১৫.১। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, সদস্য সচিব, ইনোভেশন টিম, বস্ত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা,২০২০-২১ অনুযায়ী একটি রূপরেখা প্রস্তুত করেছেন বলে অবহিত করেন।	১৫.১.১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/শাখা কর্তৃক যথাসময়ে প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		১৫.২। বস্ত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা,২০২০-২১ এর কার্যক্রম ১.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে বলে ইনোভেশন টিমের সদস্য জনাব আরাফাত হোসেন সভাকে জানান। ১৫.৩। বস্ত্র অধিদপ্তরের অধীনস্থ প্রতিষ্ঠান হতে ইনোভেশন ধারণা চেয়ে গত ৩০/০৮/২০২০ তারিখে ২৪.০২.০০০০.০০১.১৮.০২০.১৯.৯১ নম্বর স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। ১৫.৪। ইনোভেশন বিষয়ক একটি কর্মশালার আয়োজন করা প্রয়োজন বলে সদস্য সচিব(ইনোভেশন টিম) জানান।	১৫.২.১। সম্পন্নকৃত ১.২ কার্যক্রমের প্রমাণক সদস্য সচিব, ইনোভেশন টিম বরাবর প্রেরণ করতে হবে। ১৫.৩.১। বস্ত্র অধিদপ্তরের অধীনস্থ প্রতিষ্ঠান হতে ইনোভেশন ধারণা প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ১৫.৪.১। সেপ্টেম্বর/২০২০ মাসের মধ্যে ইনোভেশন বিষয়ক একটি কর্মশালার আয়োজন করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম।
১৬।	এসডিজি বাস্তবায়নে করণীয়	১৬.১। এসডিজি সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট জনাব রাজু আহমেদ জানান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের এসডিজি সংক্রান্ত কার্যক্রম করোনার জন্য আপাতত স্থগিত রয়েছে। মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রাপ্তির সাথে সাথেই তা বাস্তবায়ন করা হবে।	১৬.১.১। এসডিজি সংক্রান্ত কার্যক্রম এর জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	জনাব রাজু আহমেদ, ফোকাল পয়েন্ট এসডিজি, বস্ত্র অধিদপ্তর।
১৭।	করোনা ভাইরাস সংক্রমনরোধে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক ও ব্যক্তিগত কাজে অংশগ্রহণ সংক্রান্ত	১৭.১। বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা কর্মচারীদের করোনা ভাইরাস সংক্রমণরোধে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক ও ব্যক্তিগত কাজে অংশগ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করেন। কর্মকর্তা/কর্মচারীদের কোন প্রকার জ্বর, সর্দিকাশি বা করোনার কোন লক্ষণ দেখা দিলে অফিসে আগমন হতে বিরত থাকার, কুইক রেসপন্স টিমকে অবহিত করার জন্য বলেন। করোনাভাইরাস কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকারের লক্ষে বস্ত্র অধিদপ্তর কর্তৃক গৃহীত নিম্নরূপ পদক্ষেপসমূহ সকলকে মেনে চলার নির্দেশনা প্রদান করা হয়। ক) দেশব্যাপী করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধ কল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য বস্ত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাস্থ্যবিধি পালন নিশ্চিতকরণের নিমিত্ত গত ৩১/০৫/২০২০ খ্রিঃ তারিখ ২৪.০২.০০০০.০০০.১৮.০০৭.১৯-৫৫৫ স্মারকের মাধ্যমে ১৩ টি নির্দেশনা প্রদান করা হয়। খ) করোনা ভাইরাসে আক্রান্ত বস্ত্র অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণকে	১৭.১.১। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত অফিস আগমনের নির্দেশ প্রদান করেন। কর্মকর্তা কর্মচারীদের কোন প্রকার জ্বর, সর্দিকাশি বা করোনার কোন লক্ষণ দেখা দিলে অফিসে আগমন হতে বিরত থাকতে হবে এবং কুইক রেসপন্স টিমকে অবহিত করতে হবে।	সকল কর্মকর্তা/ কর্মচারী, বস্ত্র অধিদপ্তর।

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বস্ত্র অধিদপ্তরে গত ২২/০৬/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০১.০৬.০০৬.১৯-৩৫৩ স্মারকে একটি কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। গ) অফিসে করোনা ভাইরাস এর সংক্রমণ প্রতিরোধে গত ১০/০৭/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০০.১৮.০০১.১৭.৩৯৭ স্মারকে সর্দি জ্বরে আক্রান্ত সকলকে অফিসে আগমন হতে বিরত থাকা, ১১/০৭/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০০.১৮.০০১.১৭.৩৮৪ স্মারকে অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্ন কর্মীদের ও ০৮/০৮/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০০.১৮.০০১.১৭.৪৩২ স্মারকে কর্মকর্তাদের ডিউটি রোস্টার মোতাবেক দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করার জন্য এবং গত ২৪/০৭/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০০.১৮.০০১.১৭.৪৩১ স্মারকে সকলকে ঈদের ছুটিতে আবশ্যিকভাবে নিজ নিজ কর্মস্থলে অবস্থানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি প্রতিপালন করে বস্ত্র অধিদপ্তর এবং আওতাধীন কার্যালয়/ প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারিগণ নিয়মিত স্বাভাবিক সময়সূচি অনুযায়ী অফিসে উপস্থিত থেকে দাপ্তরিক কাজ-কর্মসম্পাদন করার জন্য ২০/০৮/২০২০ খ্রিঃ ২৪.০২.০০০০.০০০.১৮.০০৭.১৯.৬৩০ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে মাস্ক, সাবান, হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করা হচ্ছে এবং প্রবেশপথে জীবাণুনাশক স্প্রে করাসহ সকলের শরীরের তাপমাত্রা পরিমাপ করে প্রবেশ নিশ্চিত করা হচ্ছে।		

ক্র. নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৮।	বিবিধ	১৮.১। উপ-পরিচালক(উন্নয়ন) বলেন, করোনাকালীন সময়ে অফিসে আগমনের পথে স্যাভলন হাতে না দিয়ে হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত স্যানিটাইজ ও শরীরের তাপমাত্রা মাপার জন্য অনুরোধ করেন। ১৮.২। উপ-পরিচালক(পরিকল্পনা) বলেন, ৩০, মিরপুর রোডে বস্ত্র অধিদপ্তরের জন্য নিজস্ব বস্ত্র ভবন তৈরির জন্য মহাপরিচালক মহোদয়ের নিকট নির্দেশনা চান। ১৮.৩। সহকারী পরিচালক(উন্নয়ন) বলেন, বস্ত্র অধিদপ্তরের অব্যবহৃত গাড়ী মেরামত করা প্রয়োজন এবং এর খরচের বিবরণ মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করেন।	১৮.১.১। করোনাকালীন সময়ে অফিসে আগমনের পথে স্যাভলন হাতে না দিয়ে হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত স্যানিটাইজ করা ও নিয়মিত শরীরের তাপমাত্রা মাপতে হবে। ১৮.২.১। উপ-পরিচালক(প্রশাসন) সংশ্লিষ্ট নথিটি পরিচালক(প্রশাসন ও অর্থ) এর নিকট উপস্থাপন করবেন। ১৮.৩.১। বস্ত্র অধিদপ্তরের অব্যবহৃত গাড়ী মেরামতের জন্য নথি পেশ করতে হবে।	উপ-পরিচালকগণ, প্রধান কার্যালয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(দিলীপ কুমার সাহা)
মহাপরিচালক
ফোনঃ ৯১৩৮৬৬১।

স্মারক নং- ২৪.০২.০০০০.০০৭.০৬.০০২.১৯-৭০

তারিখ : ২৩ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।]
২। পরিচালক (প্রশাসন ও অর্থ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক, প্রশাসন/জরিপও পরিসংখ্যান/এমআই/বাস্তবায়ন/পরিকল্পনা/রপ্তানী/অর্থ/উন্নয়ন শাখা, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫। পরিসংখ্যান কর্মকর্তা, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, প্রশাসন/জরিপ/রপ্তানি/বাস্তবায়ন/এমআই/পরিকল্পনা/উন্নয়ন, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী-পরিচালক (বাজেট ও হিসাব), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
৯। লাইব্রেরীয়ান বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১০। মাস্টার ফাইল।

০৭/৯/২০২০
(মো: আব্দুর রহমান)
উপ-পরিচালক(জরিপ ও পরিসংখ্যান)।